



পৃথিবী ভয়ানক এবং সংকটময় একটি সময় অতিক্রম করছে!

ভেঙে পড়েছে সামাজিক রীতিনীতি থেকে শুরু করে অর্থনীতি ও স্বাভাবিক জীবন!

আরও দুঃখজনক ব্যাপার হলো করোনা আতঙ্কে চিকিৎসা সেবাও ব্যাহত হচ্ছে, রোগীরা বিপাকে পড়ছেন।

তবে অনেক চিকিৎসায়োদ্ধা এই দুঃসময়েও সাহস নিয়ে কাজ করে যাচ্ছেন পূর্ণ উদ্দামে।

সেই সকল গর্বিত চিকিৎসকদের কাতারে আছে বাসমাহ হেল্থ টিমও। আলহামদুলিল্লাহ!

রোগী ও স্বাস্থ্যকর্মী সকলের স্বাস্থ্য সুরক্ষা ও সতর্কতামূলক ব্যবস্থা নিয়েই প্রতিদিন

চলছে বাসমাহ হেল্থ পোস্টের কার্যক্রম।

কোনো রোগীর মধ্যে করোনাভাইরাসের লক্ষণগুলো আছে কিনা সেব্যাপারে সতর্ক দৃষ্টি রাখা হচ্ছে।

কক্সবাজারের টেকনাফ থানাধীন পশ্চিম লেদায় অবস্থিত এই সেন্টারে শরণার্থী ও স্থানীয় বাসিন্দা মিলিয়ে প্রায় শতেক রোগীর প্রাথমিক চিকিৎসা সেবা দেয়া হচ্ছে প্রতিদিন।

পাশাপাশি বাসমাহর পক্ষ থেকে রোগীদেরকে বিনামূল্যে ঔষধ-পথ্যও দেয়া হচ্ছে...

করোনাভাইরাসের প্রাদূর্ভাবের এই সময়েও অব্যাহত রয়েছে বাসমাহ হেল্থ পোস্টের কার্যক্রম



মাঠ পর্যায়ের আইনশৃংখলা বাহিনীর হাতে পিপিই দিচ্ছে বাসমাহ ফাউন্ডেশন



তারাও আমাদের মতোই, তাদেরও আক্রান্ত হওয়ার ঝুঁকি আছে, প্রশাসনের এইসব নিবেদিতপ্রাণ ভাইদের মাঝেও PPE (ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম) বিতরণ করছে বাসমাহ ফাউন্ডেশন...



আইন-শৃংখলার দায়িত্বে নিয়োজিত ব্যক্তিগণ... যারা আপনাকে আমাকে নিরাপদে রাখতে বারবার হাতজোড় করছেন। আপনাকে ঘরে থাকতে বলে আইন-শৃংখলার কাজে নিজেরা ঝুঁকি নিয়ে ঘরের বাইরে কাজ করছেন, তারাও কি আমাদের মতো মানুষ নয়? অবশ্যই...

করোনাভাইরাস দ্বারা সংক্রমিত হওয়ার লক্ষণ

১ম দিন থেকে ৩য় দিন
মাংস, হালকা পচা বাগা

৪র্থ দিন
পেশা বাগা, পেশা কাঠা, মাগা বাগ

৫ম দিন
অস্বস্তা, পিঠার কথা, গায়ে সাদা

৬ষ্ঠ দিন
হালক স্ববেদনা
বাঁহ বা গায়ে বাগি, শ্বাসকষ্ট, বমি বমি ভাব

৭ম দিন
উচ্চ হাওয়া ধর, অতিরিক্ত কাশি, পিঠার কথা, বমি, গায়ে সাদা, এক পৃথি বমি ভাব।

৮ম দিনে যদি লক্ষণগুলো একই থাকে, তাহলে আপনার উচিত ডাক্তারের পরামর্শ গ্রহণ করা।

করোনাভাইরাস সংকটে সহায়তামূলক কাজে ব্যস্ত সময় পার করছে বাসমাহ



করোনাভাইরাস প্রাদুর্ভাবের এই সংকটকালে বাসমাহ'র অর্থায়নে বাসমাহ ফাউন্ডেশন First Aid & Relief for Coronavirus Crisis নামে একটি প্রকল্প পরিচালনা করছে, এই প্রকল্পের আওতায় কক্সবাজারের রোহিঙ্গা শরণার্থী শিবিরে সেবাদানকারী চিকিৎসক সহ বাংলাদেশের বিভিন্ন সুবিধাবঞ্চিত এলাকার চিকিৎসকদের মাঝে বিতরণ করা হচ্ছে স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী- PPE, Hand Gloves, Sho Cover, Gog-

gles, hair Cover, Hand Sanitizer, Hand Rub, সাবান ইত্যাদি। বিশেষত কক্সবাজার ও নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁওয়ে বিভিন্ন স্বাস্থ্যকেন্দ্র, কমিউনিটি ক্লিনিক এবং হাসপাতালের ডাক্তার, নার্স ও স্বাস্থ্যকর্মীদের মাঝে সুরক্ষামূলক প্রয়োজনীয় মেডিসিন ও সরঞ্জাম বিতরণ করেছে বাসমাহ ফাউন্ডেশন। পাশাপাশি এসব সুরক্ষামূলক সরঞ্জাম মাঠপর্যায়ের পুলিশ ও আইনশৃঙ্খলা বাহিনীর

সদস্যদের মাঝেও বিতরণ করা হচ্ছে। উল্লেখ্য চলমান করোনা সংকটে স্বাস্থ্য সুরক্ষার পাশাপাশি অভাবী ও মধ্যবিত্ত পরিবারের জন্য জরুরি খাদ্য সহায়তা নিয়েও সমানভাবে কাজ করে যাচ্ছে বাসমাহ ফাউন্ডেশন। প্রাথমিকভাবে ৩০ হাজার পরিবারে ক্রমান্বয়ে এই খাদ্য সহায়তা প্রদান করা হবে বলে জানিয়েছেন বাসমাহ ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা ও ব্যবস্থাপনা পরিচালক জনাব মীর সাখাওয়াত হোসাইন।





আসন্ন রমজান উপলক্ষ্যে চলছে ইফতার সামগ্রী প্রস্তুতকরণ পর্ব

সুবিধাবঞ্চিত বস্তিবাসীর পাশে বাসমাহ ফাউন্ডেশন

ঢাকা-চট্টগ্রাম মহাসড়ক লাঙ্গলবন্দের দরিকান্দি ব্রিজ অতিক্রম করার পূর্বে চোখে পড়ে এই বস্তি, বেদে সম্প্রদায়ের বসত বলে এটি বেদেপল্লী নামেই পরিচিত। মহাসড়কের দুপাশে প্রায় ত্রিশোর্ধ মুসলিম বেদে সম্প্রদায়ের বসবাস। পাস্টিক-তেরপাল টানিয়ে কোনো মতো বানানো হয়েছে মাথা গোঁজার ঠাঁই।

চলমান বিশ্ব অনেকদূর এগিয়ে গেলেও এখানকার মানুষের জীবনে লাগেনি আধুনিকতার ছোঁয়া, এরই মাঝে করোনাভাইরাসের প্রকোপে যখন সমগ্র পৃথিবীর গতিপথই থেমে যাওয়ার উপক্রম তখন এখানকার মানুষের জীবন হয়ে উঠেছে আরও দুর্বিষহ, দেখা দিয়েছে চরম খাদ্যাভাব।

তাই সুবিধাবঞ্চিত এসব মানুষের পাশে দাঁড়াতে ছুটে এসেছে বাসমাহ ফাউন্ডেশন।



করোনাভাইরাসের প্রকোপে পুরো পৃথিবীর অবস্থা নাকাল। বড় বড় প্রতিষ্ঠান, কল কারখানা থেকে শুরু করে গরিবের চায়ের দোকান সবকিছুই বন্ধ হয়ে গেছে। দিন যত বাড়েছে শঙ্কাও দানা বেঁধে উঠছে, দরিদ্র ও মধ্যবিত্ত শ্রেণিতে এখনই দেখা দিয়েছে খাদ্যাভাব। এরই মাঝে দুয়ারে কড়া নাড়ছে পবিত্র মাহে রমজান। অল্পকিছুদিনের মধ্যেই শুরু হবে রহমত, মাগফেরাত ও নাজাতের এই মাস। বাসমাহ ফাউন্ডেশনের রেগুলার

প্রজেক্ট সমূহের অন্যতম একটি হলো Ramadan Iftar Project অন্যান্য বছরের মত এবছরও বাসমাহ ইফতার সামগ্রী বিতরণের কার্যক্রম হাতে নিয়েছে বাসমাহ ফাউন্ডেশন। এবারে প্রায় ২০ হাজার পরিবারে মানসম্মত ইফতার সামগ্রী বিতরণের প্রকল্প নিয়ে অনবরত কাজ চালিয়ে যাচ্ছি আমরা।



যোগাযোগ

Phone: +8801709-258625
basmahfoundation@gmail.com

fb.com/basmahfoundation
http://www.basmah-bd.org

সাদিপুর, বড়নগর, সোনারগাঁ,
নারায়ণগঞ্জ, বাংলাদেশ।

